

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ জুন'২০২৪খ্রিঃ

বলির পাড়া সড়কে আলোকায়ন কাজের উদ্বোধন করেন ভারপ্রাপ্ত মেয়র

নগরীর দক্ষিণ আত্মবাদ ওয়ার্ডস্থ বলির পাড়া সড়কে জি.আই পোল স্থাপন পূর্বক আলোকায়ন কাজের উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুর। বুধবার সকালে বলির পাড়া জামে মসজিদ প্রাঙ্গণে আলোকায়ন কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন ভারপ্রাপ্ত মেয়র। এ সময় ভারপ্রাপ্ত মেয়র বলেন, বিশ্ব ব্যাংকের অর্থায়নে, এলজিসিআরআরপি প্রকল্পের অধিনে পরিচালিত প্রকল্পের উপ প্রকল্প হিসেবে চসিক বিদ্যুৎ শাখার ব্যবস্থাপনায় ৫টি প্যাকেজে নগরীর ৬৮কি.মি. সড়কে এলইডি বাতি দ্বারা আলোকায়ন কাজ চলমান রয়েছে। বলির পাড়া সড়কে জিআই পোল স্থাপনের মধ্যদিয়ে এলইডি লাইট দ্বারা সড়কটি আলোকিত হবে এবং জনসাধারণের চলাচলে সুবিধা হবে। এ সময় উপস্থিত ছিলেন স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী সবুজ, নির্বাহী প্রকৌশলী আনোয়ার জাহান, সালমা খাতুন, সহকারী প্রকৌশলী সরওয়ার আলম খান প্রমুখ।

চসিক ভ্রাম্যমান আদালত পরিচালিত

রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা করায় ৪৪ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা আজ বুধবার ডবলমুরিং থানাধীন পাঠানটুলী ওয়ার্ডে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। সে সময় ১নং সুপারিওয়ালা পাড়ায় রাস্তায় অবৈধভাবে বসানো প্রায় দু'শতাধিক দোকান উচ্ছেদ করে সর্বসাধারণের চলাচলের জন্য রাস্তাটি উন্মুক্ত করে দেয়া হয়। একই অভিযানে আত্মবাদ আমেরিকান হাসপাতাল সংলগ্ন আজিজ মিয়ার গোড়াউনের টেগের মোড় এলাকায় আটটি দোকান উচ্ছেদ করে ফুটপাথ দখল মুক্ত করা হয়। অপরদিকে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন নগরীর মুরাদপুর এলাকায় অভিযান পরিচালনা করেন। অভিযানকালে রাস্তা ও ফুটপাথে অবৈধভাবে মালামাল রেখে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে ৯ জনের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে ম্যাজিস্ট্রেটগণকে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও মেট্রোপলিটন পুলিশ সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮